

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১০:২০ এএম

শিক্ষাঙ্গন

রাকসু নির্বাচন

## ফল তৈরি হবে তিন ধাপে



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ০৩:৫৩ পিএম



ছবি: সংগৃহীত

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচনে (রাকসু) নির্বাচন কমিশনার মোস্তফা কামাল আকন্দ জানিয়েছেন, নয়টি ভবনে ভোট গ্রহণ শেষে সব ব্যালট বাক্স নেওয়া হবে কাজী নজরুল ইসলাম মিলনায়তনে। ভোট গণনার সুবিধার্থে ১০০টি করে ব্যালট দিয়ে পৃথক বান্ডেল করা হবে। এ বান্ডেলর ভোট গণনা হবে ওএমআর মেশিনে যা পর্যবেক্ষণ করবে বিশেষজ্ঞ প্যানেল।

সব মিলিয়ে তিন ধাপে চূড়ান্ত ফল তৈরি হবে। একটি হলের ফল তৈরি শেষে আরেকটির গণনা শুরু হবে। তাতে ২৮৩টি পদের ফল জানাতে ১২ থেকে ১৫ ঘণ্টা সময় লে পাবে।

ভোটগ্রহণের জন্য সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত সময় ঠিক করা আছে।

**রাকসু নির্বাচনে ক্যাম্পাসে ঢোকার অনুমতি পেয়েছে বহিরাগতরাও**

এর আগে সকালে নির্বাচন কমিশনার অধ্যাপক পারভেজ আজহারুল হক বলেন, নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। কোথাও কোনো সমস্যা হয়নি। প্রথম ৩ ঘণ্টার একটা পরিসংখ্যান আমাদের কাছে এসেছে। ভোটগ্রহণ সন্তোষজনক।